শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে

সুন্দরী রাণী ইষ্টের

লেখক: Edward Hughes

চিত্রাংকন: Janie Forest

অভিযোজন: Ruth Klassen
Alastair Paterson
অনুবাদক: Manab Biswas

প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

©2021 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

একদা এক সুন্দরী নারী ছিলেন, যার নাম ইষ্টের। তার বাবা-মা মারা গেলে, ইষ্টেরের খুড়তুতো দাদা মর্দখয় তাকে বড়ো করে তোলেন। ইষ্টের তার দাদাকে বাবার মতো সম্মান করত।



ইষ্টের পারস্যতে বাস করত, কিন্তু সে পারসীয় ছিল না। সে ছিল ইহুদি। তার পূর্বপুরুষ যুদ্ধবন্দী হিসাবে পারস্য দেশে এসেছিল। ইষ্টেরের সময় অনেক ইহুদি পারস্য দেশে বাস করত।

সমস্ত পৃথিবীর রাজকুমারীদের নিয়ে পারস্যের রাজা একটা মহা ভোজসভা রেখেছিল। লোকেরা রাণী বষ্টীর ভোজসভায় নিমন্ত্রিত ছিল। মাদকাসক্ত রাজা, রাণীকে রাজকীয় মুকুট ও রাজকীয় কাপড় পরে আসার আদেশ দিল, কিন্তু রাণী বষ্টী প্রত্যাখ্যান করল।

মহিলারা যেন
তাদের স্বামীদের
সম্মান করে, তার
জন্য রাজা একটি
আইন পাশ করে রাণী
বষ্টীর কাছ থেকে
রাজমুকুট নিয়ে নিলেন।
তিনি আর রাণী পদে
থাকবেন না।



একজন নতুন রাণীর খোঁজ শুরু হয়ে গেল। রাজ্যে সমস্ত সুন্দরী মেয়েদের মধ্যে রাজা ইষ্টেরকে স্ত্রী হিসাবে মনোনীত করলেন। তিনি তাকে রাজকীয় মুকুটে ভূষিত করলেন। ইষ্টের রাজাকে বলল না যে, সে একজন ইহুদি, কারণ তার দাদা তাকে বারণ করেছিল।



ইষ্টেরের খবর নেওয়ার জন্য মর্দখয় রাজপ্রাসাদের প্রবেশদ্বারে সময় কাটাত।



একদিন সে শুনল, রাজপ্রাসাদের দু'জন রক্ষী রাজাকে হত্যা করার পরিকল্পনা করছে। মর্দখয় একটি সতর্কতা পাঠাল, যাতে রাজা বেঁচে গেল। সেই দুই চাকরকে ঝুলিয়ে মৃত্যুদণ্ড দেওয়া হল ও মর্দখয়ের নাম রাজার তালিকা পুস্তকে লেখা হল।

রাজার দ্বিতীয় পদাধিকারী ব্যক্তি ছিল একজন ধনী, যার নাম হামন। যখন সে যেত, সবাই তাকে প্রণাম করত। একজন ছাড়া সবাই করত। যিহূদী হওয়ায় মর্দখয় জীবন্ত ঈশ্বরের উপাসনা করত।



হামন, মর্দখয়কে এতই ঘেন্না করত যে, তাকে ও সমস্ত পারস্য যিহূদীদের হত্যা করার সিদ্ধান্ত নিয়েছিল। কি ভয়ানক! দুষ্ট হামন, রাজাকে কৌশলে একটি আইনে হস্তাক্ষর করিয়ে নিয়েছিল, যাতে একটি নির্দিষ্ট সময়ে রাজ্যের সমস্ত যিহূদীদের হত্যা করা যায়।



এটি এক ভয়ঙ্কর আইন ছিল। যিহূদী ও পারসিকরা দুঃখ প্রকাশ করল। কিন্তু মনে রাখবে ঈশ্বর ইষ্টেরকে রাণী করেছিলেন। এবং সে ছিল একজন যিহূদী। সে কি রাজার কাছে তার গোপনীয়তা রেখেছিল? নাকি তার লোকদের বাঁচানোর জন্য সে মৃত্যুর ঝুঁকি নিয়েছিল?

ঈশ্বর ইষ্টেরকে এক পরিকল্পনা দিলেন। তিনি রাজাকে ও হামনকে এক ভোজসভায় আমন্ত্রণ জানালেন। ওখানে রাজা তাকে প্রতিজ্ঞা করলেন, তিনি যা চাইবেন তাই দেবেন। ইষ্টের উত্তর দিল, "আগামীকাল রাজা ও হামনকে ভোজসভায় আসতে দাও।" সেখানেই তিনি কী চান, তা রাজাকে বলবেন।



ইতিমধ্যে হামন, মর্দখয়কে ঝোলানোর জন্য একটি ফাঁশিকাঠ প্রস্তুত করল।





সেই রাতে রাজা ঘুমাতে পারেননি।
তিনি রাজকীয় তালিকাটি ঘেঁটে
দেখলেন যে, তার জীবন বাঁচানোর
জন্য তিনি মর্দখয়কে কোনও পুরস্কার
দেননি। পরদিন সকালে, রাজা হামনকে
জিজ্ঞাসা করলেন, “রাজা যাকে
সম্মান করতে চান, সেই
ব্যক্তির প্রতি কী
করা দরকার?”

হামন আনন্দিত
হয়েছিল, সে মনে করল
যে, রাজা তার
কথা লচ্ছেন!

মর্দখয়কে ফাঁশি দেবার জন্য হামন, রাজার অনুমতি নিতে এল। ফাঁশিকাঠ প্রস্তুত হয়ে গিয়েছিল। এখন শুধু অপেক্ষার। উত্তেজিতভাবে, হামন তার পরামর্শ দিল, "তাকে রাজার পোশাক ও মুকুট দেওয়া হোক।"

রাজা হামনকে নির্দশে দিল, “যিহূদী মর্দখয়ের প্রতি তাই কর। তাকে রাজার ঘোড়ায় বসাও ও একজন রাজকুমারকে আদেশ দাও, তার আগে আগে শহরের বাইরে যেতে, যাতে সকলে দেখতে পায়।”

সমগ্র শহরে মর্দখয়কে সম্মানিত করার জন্য হামনের কেমন অনুভূতি হয়েছিল বলে তুমি মনে কর? সে মর্দখয়কে আগের থেকে আরও বেশি ঘৃণা করছিল। হামন বোধহয় ভাবছিল, "অপেক্ষা কর, শীঘ্র অন্য ইহুদিদের সাথে তাকেও মারা হবে।"

পরের দিন, রাণী ইষ্টেরের ভোজেতে রাজা ও হামন উপস্থিত হলেন। রাজা জিজ্ঞাসা করল, “তোমার আবেদন কী?” তিনি তার প্রতিজ্ঞা ভুলে যাননি। হামনের দিকে নির্দেশ করে রাণী ইষ্টের রাজাকে হামনের সমস্ত চক্রান্তের কথা বলল। রাজা বলল, “ওকে ফাঁশি দাও।”



তারপর রাজা আর একটা আইন পাশ করে ইহুদিদের রক্ষার ব্যবস্থা করলেন। তারা রক্ষা পেল! রাজার পরে মর্দখয় দেশের দ্বিতীয় স্থান পেল। সমস্ত যিহুদীরা আনন্দ করতে লাগল ও একে-অপরকে উপহার দিতে লাগল। ঈশ্বর কীভাবে ইষ্টেরের মাধ্যমে তাদের রক্ষা করেছিলেন, সেকথা এখনও ইহুদিরা স্মরণ করে।



সুন্দরী রাণী ইষ্টের

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

ইষ্টের

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।”
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন: প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন! যোহন ৩:১৬